দৈনিক ইত্তেফাক

তারিখ 10 AUG 2008

# চট্টগ্রামে পালটেকানক ইনস্টিটিউটে ছাত্রদল শিবির সংঘর্ষ ॥ আহত ৫

॥ চট্টগ্রাম অফিস ॥

চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রদল ও শিবিরের মধ্যে সংঘর্ষে ৫ জন ছাত্র আহত হয়েছে। গতকাল শনিবার দুপুরে ছাত্র ভর্তি নিয়ে এই সংঘর্ষের সূত্রপাত ঘটে। আহতদের মধ্যে ওসমান (২০) ও সাইফুলকে (২২) চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঘটনাস্থলে অবস্থানকারী সিএমপি কোতোয়ালী জোনের এসি মোহাম্মদ বাবুল আক্তার বলেন, ভর্তি প্রক্রিয়া নিয়ে ছাত্রদের দুই গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়েছে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। আহত দুই জনকে চিকিৎসার জন্য চমেক হাসপাতালে পাঠানো হয়।

নগরীর নাসিরাবাদ এলাকায় অবস্থিত পলিটেকনিক ইনস্টিটিউটে চলতি শিক্ষাবর্ষে ভর্তির জন্য সুযোগ পাওয়া ছাত্র-ছাত্রীদের তালিকা গতকাল (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম পলিটেকনিক

(প্রথম পৃঃ পর)

দুপুরে কলেজ নোটিস বোর্ডে টাঙানো হলে ছাত্রদলের নেতারা ক্ষিপ্ত হয়ে যায়। তালিকায় ছাত্রদলকে বাদ দিয়ে শিবিরের কর্মীদের প্রাধান্য দেয়া হয়েছে বলে তারা অভিযোগ তোলে। এসময় তারা সেখানে অবস্থানরত শিবিরের দুই কর্মীকে মারধর করতে থাকলে শিবিরের অন্য কর্মীরা তাদের বাধা দেয়।

প্রায় আধ ঘন্টা পর্যন্ত দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। পরে পুলিশ উপস্থিত হলে দুই পক্ষই ক্যাম্পাস ছেড়ে চলে যায়। পরিস্থিতি স্বাভাবিক রাখতে বর্তমানে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। আহত দুই জনকে শিবির নিজেদের কর্মী বলে দাবি করেছে।